



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়  
শেরপুর, বগুড়া।  
ucf.sherpur.bgr@gmail.com  
www.dgfood.gov.bd



স্মারক নং- ১৩.০৪.১০৮৮.০০০.৯৩.০৫৪.১৮.৫৮৫

তারিখঃ ১৮/০৮/২০২১ খ্রিঃ।

বিষয়ঃ খাদ্যবান্ধব কর্মসূচির উপকারভোগীদের সংশোধিত হালনাগাদ তালিকা ও ভোক্তার কার্ড ভোক্তার নিকট পৌঁছানো নিশ্চিতকরণের প্রত্যয়নপত্র প্রেরণ প্রসংগে।


সূত্রঃ ১। জেলা খাদ্য নিয়ন্ত্রক বগুড়ার ২৭/০৭/২১ খ্রিঃ তারিখের ৩৭২৬ নং স্মারক।  
২। অত্র দপ্তরের ২৮/০৭/২০২১ খ্রিঃ তারিখের ৫২৪ নং স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের প্রেক্ষিতে আপনার ব্যক্তিগত দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, 'টেকসই উন্নয়ন অভীষ্ট' (এসডিজি) 'নো পোভারটি ও জিরো হাঙ্গার অর্জন এবং ৭ম পঞ্চবার্ষিকী পরিকল্পনা দারিদ্র দূরীকরণের অভিপ্রায়ে পল্লি অঞ্চলের দরিদ্র জনসাধারণকে স্বল্পমূল্যে খাদ্য সহায়তা প্রদান ও পুষ্টি নিশ্চিত করার উদ্দেশ্যে সরকারি বিতরণ ব্যবস্থায় খাদ্যবান্ধব কর্মসূচি গ্রহণ করা হয়েছে। মাননীয় প্রধানমন্ত্রীর ব্রান্ডিং এ কর্মসূচি ইতোমধ্যে ব্যাপক ইতিবাচক সাড়া ফেলেছে ও ফলপ্রসূ হয়েছে। "শেখ হাসিনার বাংলাদেশ, ক্ষুধা হবে নিরুদ্দেশ" শ্লোগান সম্বলিত খাদ্যবান্ধব কর্মসূচির মাধ্যমে দারিদ্র বিমোচন ও ক্ষুধা নির্মূলের লক্ষ্যে উপকারভোগীর তালিকা হালনাগাদ করা প্রয়োজন। খাদ্যবান্ধব কর্মসূচির উপকারভোগীর তালিকায় স্বচ্ছল ব্যক্তি, চাকুরিজীবী, একই পরিবারের একাধিক ব্যক্তি, মৃত ব্যক্তি, ২০২১-২০২২ মেয়াদের ভিজিডি কর্মসূচিতে নির্বাচিত মহিলার নাম কর্তন পূর্বক প্রকৃত হতদরিদ্রদের সংশোধিত তালিকা ইউনিকোডে "নিকস" ফন্টে মাইক্রোসফট এক্সেলে হার্ড কপি ও সফট কপি আগামী ২৫/০৮/২০২১ খ্রিঃ তারিখের মধ্যে প্রেরণের জন্য পুনরায় অনুরোধ করা হলো। পরবর্তীতে উপকারভোগীর তালিকা নিয়ে কোন প্রশ্ন উত্থাপিত হলে সংশ্লিষ্ট ইউনিয়ন খাদ্যবান্ধব কমিটির দায় এড়ানোর কোন সুযোগ থাকবে না।

ক্রঃ নং	ইতিপূর্বে ইস্যুকৃত কার্ডধারীর নাম	কার্ড নং	কার্ড সংশোধনের কারণ	পরিবর্তিত সুবিধাভোগীর নাম	পিতা/স্বামীর নাম	পুরুষ/মহিলা	পেশা	গ্রাম	ওয়ার্ড নং	ইউনিয়নের নাম	জাতীয় পরিচয় পত্র নম্বর	ভোক্তার মোবাইল নম্বর	সংযুক্ত ডিলারের নাম	ডিলারের মোবাইল নম্বর
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫

আপনার ইউনিয়নের সুবিধাভোগীদের সংশোধিত হালনাগাদ তালিকা উপরোক্ত ছকে ও ভোক্তার কার্ড ভোক্তার নিকট পৌঁছানো নিশ্চিত করণের প্রত্যয়নপত্র জরুরি ভিত্তিতে নিম্নস্বাক্ষরকারীর নিকট জমা দেয়ার জন্য উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি, উপজেলা খাদ্যবান্ধব কমিটি, শেরপুর, বগুড়া মহোদয়ের নির্দেশক্রমে পুনরায় অনুরোধ করা হলো।

প্রাপকঃ চেয়ারম্যান, ..... ইউনিয়ন পরিষদ  
ও সভাপতি, ইউনিয়ন খাদ্যবান্ধব কমিটি, শেরপুর, বগুড়া।

  
(মোঃ মনিরুল হক)

উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (অ.দা.)  
শেরপুর, বগুড়া।

স্মারক নং- ১৩.০৪.১০৮৮.০০০.৯৩.০৫৪.১৮.৫৮৫/১০(৫)

অনুলিপিঃ সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য।

- ০১। জেলা প্রশাসক, বগুড়া ও সভাপতি, জেলা খাদ্যবান্ধব কমিটি, বগুড়া।
- ০২। জেলা খাদ্য নিয়ন্ত্রক, বগুড়া ও সদস্য-সচিব, জেলা খাদ্যবান্ধব কমিটি, বগুড়া।
- ০৩। উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি, উপজেলা খাদ্যবান্ধব কমিটি, শেরপুর, বগুড়া।
- ০৪। সচিব..... ইউনিয়ন পরিষদ ও সদস্য-সচিব, ইউনিয়ন খাদ্যবান্ধব কমিটি, শেরপুর, বগুড়া। প্রকৃত হতদরিদ্রদের সংশোধিত হালনাগাদ তালিকা ও ভোক্তার নিকট কার্ড পৌঁছানো নিশ্চিতকরণের প্রত্যয়নপত্র যথাসময়ে প্রেরণ নিশ্চিত করার জন্য পুনরায় অনুরোধ করা হলো।
- ০৫। দপ্তর নথি।

  
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক  
শেরপুর, বগুড়া।